# AKASHVANI(AIR)

# RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**01-06-2026** **Time: 1.30 PM**

বিশেষ বিশেষ খবরঃ–

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং মায়ানমারের প্রেসিডেন্ট আং হ্লাইং দ্বিপাক্ষিক সম্পর্ককে আরও মজবুত করতে নতুন দিল্লিতে আজ বৈঠকে বসেন।

২) মার্কিন যুক্তরাষ্ট্র, ইরানের ওপর নতুন করে হামলা চালানোয়, পশ্চিম এশীয়ায় উত্তেজনা আবার বেড়েছে।

৩) ভারত – ওমান সর্বাত্মক অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি আজ থেকে বলবৎ হলো।

৪) ৩৫ জন নতুন মন্ত্রীকে সামিল করে পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি মন্ত্রিসভা আজ সম্প্রসারিত হয়েছে।

৫) ভারত সাফ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে পৌঁছেছে।

৬) ভিয়েতনামের দা নাং-এ অনূর্দ্ধ-১৭ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়ানশিপে ভারতের মেয়েরা উল্লেখযোগ্য সাফল্য দেখিয়ে ১০-টি পদক জয় করেছেন।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লিতে মায়ানমারের প্রেসিডেন্ট ওমিন আং হ্লাইং সঙ্গে বৈঠকে বসেন । দু-দেশের মধ্যে ঐতিহাসিক ও পরম্পরাগত সম্পর্ককে আরও

মজবুত করার বিষয়ে দুই নেতার মধ্যে আলোচনা হয় বলে মনে করা হচ্ছে। নিরাপত্তা ও সংযোগ সহ দু-দেশের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের যাবতীয় দিক উঠে আসবে।

পাঁচ দিনের সফরে মায়ানমারের প্রেসিডেন্ট গত শনিবার বিহারের গয়ায় পৌঁছন। তাঁর সঙ্গে এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল রয়েছেন। শ্রী হ্লাইং আগামীকাল মুম্বাই যাবেন। বাণিজ্য ও শিল্প প্রতিনিধি দলের সঙ্গেও তিনি বৈঠকে বসবেন।

মায়ানমারের প্রেসিডেন্ট আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূর সঙ্গে সাক্ষাৎ করবেন। গৌতম বুদ্ধের স্মৃতি বিজড়িত প্রত্ন সামগ্রীর এক প্রদর্শনীও তিনি ঘুরে দেখবেন।

উল্লেখ্য, ভারতের প্রতিবেশী প্রথম অ্যাক্ট ইস্ট এবং মহাসাগর নীতির সঙ্গে মায়ানমার যুক্ত ।

oooooooooooooooooooooooo

তেহরান একটি মার্কিন MQ-1 প্রিডেটর ড্রোন গুলি করে নামানোর পর মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের রাডার ও ড্রোন নিয়ন্ত্রণ কেন্দ্রের ওপর হামলা চালিয়েছে, এর ফলে পশ্চিম এশিয়ায় আবারও উত্তেজনার সৃষ্টি হয়েছে ।

ইরান এই হামলার কথা স্বীকার করেছে। এদিকে কুয়েত জানিয়েছে, তারা আকাশপথে ড্রোন ও ক্ষেপণাস্ত্র প্রতিহত করেছে। মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, আন্তর্জাতিক জলসীমায় মার্কিন MQ-1 ড্রোনকে গুলি করে নামানোর পরে আত্মরক্ষার অংশ হিসেবে দক্ষিণ ইরানের গোরুক ও কেশম দ্বীপের রাডার ও ড্রোন কমান্ড সাইটে হামলা চালানো হয়েছে। এর আগে ইরানের ইসলামিক রেভল্যুশনারি গার্ড কর্পস জানিয়েছিল , মার্কিন MQ-1 প্রিডেটর ড্রোন ইরানের আকাশসীমায় প্রবেশ করার পর তাদের বিমান প্রতিরক্ষা বাহিনী ড্রোনটি গুলি করে নামিয়েছ । সাম্প্রতিক হামলার পর ইরান – মার্কিন যুদ্ধবিরতির স্থায়িত্ব নিয়ে সংশয় তৈরি হয়েছে । । উত্তেজনা আরও বাড়ছে, কারণ ইসরায়েল লিতানি নদীর ওপারে লেবাননে দখল বাড়াচ্ছে।

oooooooooooooooooooooooo

ইরানের সঙ্গে প্রস্তাবিত চুক্তিতে পরমাণু সংক্রান্ত কোনো বিষয় নেই বলে সংবাদমাধ্যমে যে দাবি করা হয়েছে, তা সম্পূর্ণ খারিজ করেছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এক সোশ্যাল মিডিয়া পোস্টে ট্রাম্প স্পষ্ট জানিয়েছেন, এই চুক্তিতে ইরানকে কোনোভাবেই পরমাণু অস্ত্র তৈরি করতে দেওয়া হবে না বলে পরিষ্কারভাবে বলা হয়েছে। একই সঙ্গে এতে পরমাণু কার্যক্রম সংক্রান্ত বিস্তারিত শর্তও অন্তর্ভুক্ত রয়েছে। ট্রাম্প আরও বলেন যে, মার্কিন যুক্তরাষ্ট্র ইরানের উচ্চ-সমৃদ্ধ ইউরেনিয়ামের মজুত নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে তা নষ্ট করে দেবে। ইরানের পার্লামেন্টের স্পিকার মোহাম্মদ বাঘের গালিবাফ সাফ জানিয়েছেন, দেশের অধিকার সুরক্ষিত না হলে তেহরান কোনো চুক্তি অনুমোদন করবে না।

oooooooooooooooooooooooo

বিশ্ববাজারে অপরিশোধিত তেলের দাম ২ শতাংশেরও বেশি বেড়েছে।ইরান-সমর্থিত হিজবুল্লাহ জঙ্গিগোষ্ঠীর বিরুদ্ধে অভিযানের অংশ হিসেবে ইসরায়েলি সেনাবাহিনীকে লেবাননের আরও ভেতরে প্রবেশের নির্দেশ দেওয়ার পর এই মূল্যবৃদ্ধি ।

উল্লেখ্য, ছয় সপ্তাহেরও বেশি আগে যুদ্ধবিরতি ঘোষণা করা হলেও সংঘাত আবারও তীব্র হয়েছে।

সর্বশেষ প্রাপ্ত খবরে, মার্কিন অপরিশোধিত তেল ইউএস ক্রুড ফিউচারের দাম ব্যারেল প্রতি ২দশমিক ৩/৭ মার্কিন ডলার বা ২দশমিক ৭/১ শতাংশ বেড়ে ৮৯দশমিক ৭/৩ মার্কিন ডলারে পৌঁছেছে। অন্যদিকে, ব্রেন্ট ক্রুড ফিউচারের দাম ব্যারেলপ্রতি ২দশমিক ১/৬ মার্কিন ডলার বা ২দশমিক ৩/৭ শতাংশ বৃদ্ধি পেয়ে ৯৩দশমিক ২/৮ মার্কিন ডলারে দাঁড়িয়েছে।

oooooooooooooooooooooo

ভারত - ওমান সর্বাত্মক অংশীদারিত্ব চুক্তি CEPA আজ থেকে বলবৎ হয়েছে। বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযুষ গোয়েল জানিয়েছেন, CEPA দু-দেশের মধ্যে অর্থনৈতিক ও সামরিক কৌশলগত সম্পর্ককে আরও মজবুত করবে। এরফলে ভারতের ছাত্রছাত্রী, কারিগর, মহিলা, কৃষক, মৎস্যজীবী এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পদ্যোগের সুবিধা হবে। রফতানি বৃদ্ধি এবং লগ্নি আকর্ষণের মধ্য দিয়ে কর্মসংস্থান সৃষ্টির কাজও জোরদার হবে। ওমানে প্রায় ৭ লক্ষ ভারতীয়র বসবাস। বছরে প্রায় ২-শো কোটি ডলার ওমান থেকে ভারতীয়রা এদেশে পাঠান। ৬ হাজারেরও বেশি ভারতীয় শিল্পদ্যোগ ওমানে কাজ করে।

ooooooooooooooooooooooooo

মায়ানমারে ভয়াবহ বিস্ফোরণে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৫৫। নামখাম টাউনশিপের কুংটুপ গ্রামে গতকাল এই বিস্ফোরণ ঘটে। আহত হয়েছে আরও ৭০ জনের বেশি মানুষ। স্থানীয় প্রশাসন জানিয়েছে, খনির কাজে ব্যবহারের জন্য রাখা উপকরণে বিস্ফোরন হওয়ায় এই ঘটনা ঘটে।

স্থানীয় সংবাদমাধ্যম জানিয়েছে, বিস্ফোরণে শতাধিক বাড়ি ক্ষতিগ্রস্ত হয়েছে, বহু পরিবার গৃহহীন হয়ে পড়েছে এবং কুংটুপ গ্রামের বড় অংশই ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। প্রশাসন ক্ষতিগ্রস্তদের জন্য ত্রাণ, চিকিৎসা ও পুনর্বাসন সহায়তা দিচ্ছে।

ooooooooooooooooooooooooo

আফ্রিকি ইউনিয়ন ও আফ্রিকা সেন্ট্রাল ফর ডিজিস কন্ট্রোল, ইবোলা মোকাবিলায় ভারত সরকারের সহায়তার জন্য ধন্যবাদ জানিয়েছে। উগান্ডায় আফ্রিকার পূর্বাঞ্চলীয় সমন্বয় কেন্দ্রের মাধ্যমে ভারত সরকার ওষুধ এবং অন্যান্য সরঞ্জাম পাঠিয়েছে। সংকটের মুহূর্তে আফ্রিকার পাশে দাঁড়ানোর জন্য দেশগুলি ভারতের প্রশংসা করেছে।

ooooooooooooooooooooooooo

বিজেপি সরকারের রাজ্য মন্ত্রিসভার প্রথম সম্প্রসারণে আজ ৩৫ জন নতুন মন্ত্রী শপথ নিয়েছেন । মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ সমাজের বিভিন্ন অংশের বিশিষ্ট জনদের উপস্থিতিতে রাজ্যপাল রবীন্দ্র নারায়ণ রবি নতুন মন্ত্রীদের শপথ বাক্য পাঠ করান। এর ফলে পশ্চিমবঙ্গের প্রথম বিজেপি সরকারের মন্ত্রিসভা ছয় সদস্য থেকে বেড়ে দাঁড়াল ৪১ সদস্যে। নতুন মন্ত্রিসভায় ১৩ জন পূর্ণমন্ত্রী, ৩ জন স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী এবং ১৯ জন প্রতিমন্ত্রীকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

পূর্ণমন্ত্রী হিসেবে শপথ নেন দীপক বর্মন, তাপস রায়, ডা. শঙ্কর ঘোষ, মনোজ কুমার ওরাওঁ, অর্জুন সিং, গৌরীশঙ্কর ঘোষ, স্বপন দাশগুপ্ত, জগন্নাথ চট্টোপাধ্যায়, কল্যাণ চক্রবর্তী, অজয় পোদ্দার, ডা. শারদ্বত মুখোপাধ্যায়, দুধকুমার মণ্ডল এবং অরূপ কুমার দাস।

(বাইট)

স্বাধীন দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন ডা. ইন্দ্রনীল খাঁ, মালতী রাভা রায় এবং রাজেশ মাহাতো।

প্রতিমন্ত্রী হিসেবে শপথ নেন জোয়েল মুর্মু, হরেকৃষ্ণ বেরা, আনন্দময় বর্মন, অশোক দিন্দা, নদিয়ারচাঁদ বাউরি, বিশাল লামা, শান্তনু প্রামাণিক, মৌমিতা বিশ্বাস মিশ্র, উমেশ রায়, পূর্ণিমা চক্রবর্তী, কৌশিক চৌধুরী, ভাস্কর ভট্টাচার্য, দিবাকর ঘরামী, অমিয় কিস্কু, কলিতা মাঝি, গার্গী দাস ঘোষ, বিরাজ বিশ্বাস, দীপঙ্কর জানা এবং সুমনা সরকার। নতুন মন্ত্রীদের মধ্যে আজই দপ্তর বন্টন হতে পারে বলে মুখ্যমন্ত্রী ইঙ্গিত দিয়েছেন।

৪ মে নির্বাচনের ফল ঘোষণার পর ৯ মে ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নিয়েছিলেন শুভেন্দু অধিকারী। তাঁর সঙ্গে শপথ নেন আরও পাঁচ মন্ত্রী। তারপর থেকেই পূর্ণাঙ্গ মন্ত্রিসভা গঠন নিয়ে জল্পনা চলছিল। গত সপ্তাহে দিল্লিতে বিজেপির শীর্ষ নেতৃত্বের সঙ্গে বৈঠকের পর মন্ত্রিসভা সম্প্রসারণের প্রক্রিয়া চূড়ান্ত হয়। রিপোর্টিং

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি-র নির্বাচনী ইস্তাহারে দেওয়া প্রতিশ্রুতি মতোই রাজ্য সরকারের নির্দেশ অনুসারে আজ থেকে সারা রাজ্যে মহিলারা বিনামূল্যে সরকারি বাসে যাতায়াত করেছেন। মহিলা যাত্রীদের জন্য বিশেষ স্মার্ট কার্ড ইস্যু করা হবে। কিন্তু ওই কার্ড না হওয়া পর্যন্ত আজ থেকে সংশ্লিষ্ট যাত্রী আধার কার্ড, ভোটার কার্ড, ড্রাইভিং লাইসেন্স, প্যান কার্ড সহ ১১ টি প্রমাণ পত্রের যেকোন একটি নিয়ে সরকারি বাসে চড়তে পারবেন। সংশ্লিষ্ট প্রমাণপত্রের ভিত্তিতে কর্তব্যরত কন্ডাকটর জিরো ভ্যালু টিকিট বা থার্মাল পেপার টিকিট ইস্যু করবেন বলে পরিবহন দপ্তরের দেওয়া নির্দেশিকায় জানানো হয়েছে।

oooooooooooooooooooooooo

১০ টি রাজ্যের ২৪ টি আসনে রাজ্যসভার দ্বিবার্ষিক নির্বাচনের জন্য আজ বিজ্ঞপ্তি জারি হয়েছে। অন্ধ্রপ্রদেশ, গুজরাট ও কর্ণাটকের চারটি করে, রাজস্থান ও মধ্যপ্রদেশের তিন, ঝাড়খন্ডের ২ এবং মণিপুর, মেঘালয়, অরুণাচলপ্রদেশ ও মিজোরামে একটি করে আসনে ভোট নেওয়া হবে। প্রাক্তন প্রধানমন্ত্রী জেডিএস নেতা এইচ ডি দেবেগৌড়া, কেন্দ্রীয় মন্ত্রী ও বিজেপি নেতা জর্জ কুরিয়েন, রভনিত সিং, রাজ্যসভায় বিরোধী নেতা তথা কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গের চলতি মাসেই দুবছরের মেয়াদ শেষ হচ্ছে।

অন্যদিকে, মহারাষ্ট্র, তামিলনাড়ু ও ওড়িশার রাজ্যসভার উপনির্বাচনে একটি করে আসনে ভোটের বিজ্ঞপ্তি আজ জারি হবে। মহারাষ্ট্রের উপমুখ্যমন্ত্রী সুনেত্রা অজিত পাওয়ার ও তামিলনাড়ুর এআইএডিএমকে সাংসদ সি ভি সনমুগম-এর জন্য এই দুটি আসন শূন্য হয়েছে। এরা দুজনেই সম্প্রতি রাজ্য বিধানসভা নির্বাচনে জয়ী হয়েছেন।

ওড়িশার বিজেডি সাংসদ দেবাশিস সামন্তরায় ইস্তফা দিয়েছেন।

আজ থেকে ৮ ই জুন পর্যন্ত মনোনয়নন পত্র পেশ করা যাবে। চলতি মাসের ১৮ তারিখে ভোটগ্রহণ। ঐদিনই ভোট গণনা।

oooooooooooooooooooooooo

দেশের বিভিন্ন অংশে গরম ও তাপপ্রবাহের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এই সময়ে বিশেষ সতর্কতা অবলম্বনের পরামর্শ দিয়েছেন। মাসিক বেতার অনুষ্ঠান মন কী বাতের ১৩৪ তম পর্বে গতকাল তিনি বলেন, তীব্র গরম থেকে রক্ষা পেতে বেশি করে জলপান করতে হবে। খুব প্রয়োজন ছাড়া রোদে না বেরনোর পরামর্শ দিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ মধ্যপ্রদেশের রায়সেন জেলা থেকে 'ক্ষেত বাঁচাও অভিযান '-এর সূচনা করছেন। একমাস ব্যাপী এই অভিযান ৩০ শে জুন পর্যন্ত চলবে। অভিযানের লক্ষ্য হল সারের যথাযথ ব্যবহার, আবহাওয়া সংক্রান্ত চ্যালেঞ্জগুলির মোকাবিলায় কৃষকদের সঠিক পরামর্শ দান এবং এই অভিযানের সুবিধা যাতে সরাসরি গ্রামগুলিতে পৌঁছয়, তার জন্য পঞ্চায়েত স্তরে প্রত্যক্ষ অংশগ্রহণ।

এই অভিযানের উদ্বোধনের প্রাক্কালে শ্রী চৌহীন বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রীদের এতে অংশগ্রহণের আহ্বান জানিয়েছেন। এর পাশাপাশি তিনি কেন্দ্রীয় মন্ত্রীদের সঙ্গে জনপ্রতিনিধিদেরও যোগ দিতে বলেছেন। শ্রী চৌহান ভার্চুয়ালি কৃষি বিজ্ঞান কেন্দ্র সমূহ, বিভিন্ন আইসিএআর প্রতিষ্ঠান, কৃষি বিশ্ববিদ্যালয় সমূহ এবং কেন্দ্র ও রাজ্য সরকারের বরিষ্ঠ কৃষি আধিকারিকদের এই অভিযানে অংশগ্রহণের পরামর্শ দিয়েছেন। মন্ত্রী বলেন, এই অভিযানের এক বহুমুখী চরিত্র রয়েছে, যা কিষাণ ক্রেডিট কার্ড, প্রধানমন্ত্রী কিষাণ সম্মান নিধি, শস্য বিমা প্রকল্প ও সয়েল হেল্থ কার্ড কৃষকদের কাছে পৌঁছে দেওয়ার বিষয়টি সুনিশ্চিত করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত সাফ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপের সেমিফাইনালে পৌঁছেছে । গতকাল গোয়ার মারগাঁও এর জওহরলাল নেহরু স্টেডিয়ামে, গ্রুপের খেলায়, ভারত বর্তমান চ্যাম্পিয়ন বাংলাদেশকে ৩-০ গোলে হারিয়ে গ্রুপ-বি-এর শীর্ষে উঠে এসেছে। প্যারি

জাক্সা, লিন্ডা কোম এবং মালবিকা পি প্রত্যেকে একটি করে গোল করেন। ভারত আগামী বুধবার সেমিফাইনালে , গ্রুপ-এ রানার্স ভুটানের মুখোমুখি হবে। অন্য সেমিফাইনালে বাংলাদেশ গ্রুপ-এ বিজয়ী নেপালের বিরুদ্ধে খেলবে ।

oooooooooooooooooooooooo

ভিয়েতনামের দা নাং শহরে এশিয়ান অনূর্ধ্ব -১৭ কুস্তি চ্যাম্পিয়নশিপে ভারতীয় মহিলা কুস্তিগীররা উল্লেখ্য যোগ্য সাফল্য দেখিয়ে , ২টি সোনা , ৩টি রূপো এবং ৫টি ব্রোঞ্জ সহ মোট ১০টি পদক জিতেছেন । ৪৩ কেজি বিভাগে দীক্ষা এবং ৭৩ কেজি বিভাগে গরিমা স্বর্ণপদক জয় করেছেন । ৪৯ , ৬৫ এবং ৬৯ কেজি বিভাগে নিকিতা , অন্তরা এবং তানিয়া রূপোর পদক জিতেছেন । ৪০ , ৪৬ ,৫৩,৫৭ এবং ৬১ কেজি বিভাগে পালক , আনামিকা, অকশরা , সাক্ষী এবং মান্যা ব্রোঞ্জ পদক জিতেছেন ।

এর আগে অনূর্ধ্ব -২৩ এশিয়ান কুস্তি চ্যাম্পিয়নশিপে ভারতীয় পুরুষদের ফ্রি-স্টাইল দল প্রথম স্থান অর্জন করে।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo